

## ডিগ্রীতে ফেলদের নতুন কোর্সে দ্বিতীয় বর্ষ পরীক্ষার্থীদের সঙ্গে পরীক্ষা দিতে হবে

শরিকুলজামান পিইউ

সদ্য প্রকাশিত ডিগ্রী পরীক্ষায় ফেল করা ১ লাখ ৩৬ হাজার ছাত্রছাত্রীকে শেষবারের মতো সার্টিফিকেট অর্জনের সুযোগ দেয়া হবে। তবে তিন বছরের নতুন পাস কোর্সে অধ্যয়নরতদের দ্বিতীয় বর্ষ ফাইনাল পরীক্ষার সঙ্গে নেয়া হবে ফেল করা ছাত্রছাত্রীদের পরীক্ষা। একই সিলেবাস, একই প্রশ্নপত্রে ফেল করা এবং ব্যাচের দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীদের সঙ্গে পরীক্ষা

নেবার বিষয়টি চূড়ান্ত করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। তবে এ বছর ফেল করা ছাত্রছাত্রীদের জন্য এটাই হবে শেষ সুযোগ। এরপর ফেল করলে নতুন করে তিন বছরের ডিগ্রী কোর্সে ভর্তি হয়ে বা প্রাইভেট হিসাবে পড়াশোনা করে পরীক্ষা দিতে হবে। জানা যায়, ২০০১-২০০২ শিক্ষাবর্ষ থেকে ডিগ্রী লেভেলে তিন বছরের পাস কোর্স শুরু হয়েছে। এসব ছাত্রছাত্রী বাতাবিকভাবে কোন পরীক্ষা ছাড়াই প্রথম বর্ষ থেকে

নেয়া হতো ১১০০ নম্বরের। আর তিন বছরের ডিগ্রী কোর্সে ১১০০ নম্বরের পরীক্ষা নেয়া হবে দ্বিতীয় বর্ষে। ফলে এ বছর যারা ফেল করেছে তাদের এবং নতুন কোর্সের দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থীদের মোট পরীক্ষার নম্বর একই হওয়ায় একসঙ্গে পরীক্ষা নেবার সিদ্ধান্ত হয়েছে। আগামী নবেম্বর-ডিসেম্বর মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে এই পরীক্ষায় এ বছর ফেল করা পরীক্ষার্থীদের কেউ ফেল করলে তাদের শিক্ষাজীবন ঝুঁকির মুখে পড়বে। কারণ এরপর তারা আর এক বছরের মাথায় পরীক্ষা দেবার সুযোগ পাবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ফরিদ উদ্দিন আহমেদ জানান, তিন বছরের কোর্সে দ্বিতীয় বর্ষে এবং দুই বছরের কোর্সে ফাইনাল পরীক্ষায় একই সিলেবাসে ১১০০ নম্বর রয়েছে। তাই ফেল করা এবং নতুন কোর্সের দ্বিতীয় বর্ষের পরীক্ষা একই সঙ্গে নেবার ক্ষেত্রে কোন সমস্যা হবে না। তিনি জানান, এরপর দুই বছরের কোর্স শেষ হয়ে যাবে এবং তিন বছরের কোর্সের ছাত্রছাত্রীরা ১১০০ নম্বরের পরীক্ষা দিয়ে তৃতীয় বর্ষে উঠবে। তৃতীয় বর্ষে তাদের বাংলাদেশ টাউন্স নামে একটি বিষয়ে ৪০০ নম্বরের পরীক্ষা দেবার পর তিন বছরের ডিগ্রী পাস কোর্স শেষ হবে। তিন বছরের কোর্স চালু করলেও আগের ১১০০ নম্বরের যে সিলেবাস বা বইপুস্তক রয়েছে তা পরিবর্তন করা হয়নি বলে তিনি জানান। কেবল ৪০০ নম্বরের বাংলাদেশ টাউন্স নতুন করে ছাত্রছাত্রীদের পড়তে হবে।

### ডিগ্রীতে ফেলদের (১২-এর পাতার পর)

দ্বিতীয় বর্ষে উঠে ১১০০ নম্বরের একটি পরীক্ষার জন্য অপেক্ষা করছে। এদিকে দুই বছরের কোর্সে গত বুধবার সর্বশেষ ফল প্রকাশ করা হয়েছে। এরপর প্রশ্ন উঠেছে, যে বিপুল সংখ্যক পরীক্ষার্থী ফেল করল তাদের কি হবে? আগামী ডিগ্রী পরীক্ষা কিভাবে বা কোন নিয়মে নেয়া হবে এবং ফেল করা ছেলেমেয়েরা আর সুযোগ পাবে কি না তা নিয়ে দেশজুড়ে শিক্ষার্থী, পরীক্ষার্থী ও ফেল করা ছাত্রছাত্রীদের মধ্যে বিতর্কিত সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে কথা হয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আব্দুল হামিদ এবং ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ফরিদ উদ্দিন আহমেদের সঙ্গে। তাঁরা জানান, তিন বছরের পাস কোর্সে ডিগ্রী পরীক্ষায় মোট নম্বর ১৫০০। এর মধ্যে ১১০০ নম্বরের পরীক্ষা নেয়া হবে দ্বিতীয় বর্ষে এবং ৪০০ নম্বরের পরীক্ষা নেয়া হবে তৃতীয় বর্ষে। দুই বছরের ডিগ্রী পাস কোর্সে একটিই পরীক্ষা